গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬.১৭৪

তারিখ: ২৪/০৬/২০২৬

## বিজ্ঞপ্তি

## 'জাতীয় সমবায় পুরস্কার ২০২৫' এর মনোনয়ন আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৫ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেনিবিন্যাস অনুযায়ী **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং **০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা)** ২০২৫ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

### সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;

২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;

৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;

৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;

৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;

৭. **মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;

৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;

১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি:** যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

### আবেদন প্রক্রিয়া

১. **আবেদন ফরম প্রাপ্তিস্থান:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট **www.rdcd.gov.bd** এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে পাওয়া যাবে।

২. **আবেদন ফরম জমা:** সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৫/০৭/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

২৪/৬/২০২৬

মোঃ সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

ফরম-ক

**জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)**
**আবেদনের শ্রেণি/ক্যাটাগরি****

.......................................................

১. সমবায় সমিতির নাম:

২. সমবায় সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ:

৩. সমবায় সমিতির ঠিকানা:

৪. ব্যবস্থাপনা কমিটির ধরন ও মেয়াদকাল:

৫. সমিতির অর্থনৈতিক অবস্থা—

ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়) ............................

খ) সংরক্ষিত তহবিল (টাকায়).......................

গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়)......................

ঘ) সঞ্চয় আমানত (টাকায়)...........................

৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:

৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:

৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:

৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

| | |
|---|---|
| সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের | সভাপতির স্বাক্ষর.............................. |
| স্বাক্ষর........................................... | নাম:............................................... |
| নাম:............................................... | মোবাইল |
| মোবাইল নম্বর:................................. | নম্বর:.................................. |
| ই-মেইল:....................................... | ই-মেইল:........................................... |
| তারিখ:.......................................... | তারিখ:........................................... |

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোনো একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

## জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)

আবেদনকারীর সাম্প্রতিককালে তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরম্যাটে ছবি সংযুক্ত করতে হবে)।

১. আবেদনকারীর নাম (বাংলায়): ......................................

ইংরেজিতে (বড় অক্ষরে): ......................................

২. পিতার নাম : ......................................................

মাতার নাম : ......................................................

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): খ) বয়স (আবেদনের তারিখে):

৬. শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও বর্তমানে সমিতিতে পদবি:

৮. ব্যক্তিগত শেয়ারের মূল্য ও সঞ্চয় আমানতের পরিমাণ—

ক) শেয়ার (টাকায়):

খ) সঞ্চয় (টাকায়):

৯. ব্যক্তিগত ঋণ সংক্রান্ত তথ্যাদি—

ক) ঋণ গ্রহনের পরিমান (টাকায়):

খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর..............................

মোবাইল নম্বর:......................................

ই-মেইল: ..........................................

তারিখ:...............................................

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd